

কৃষি সম্মতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
www.dae.gov.bd

স্মারক নং- ১২.১০.০০০০.০০৮.১৬.০৫২.১৩/৩২৯৬(৫৭৮)


তারিখঃ ০৩.০৮.২০১৭ খ্রি:

বিষয়ঃ- বোরো ফসলের নিরাপদ ও সর্বোচ্চ ফলন নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের চলতি বোরো ফসলের বর্তমানে সর্বোচ্চ কুশি স্তর অতিক্রম শেষ হয়েছে। এগুলি মাসের মাঝামাঝি সময় হতে বোরো ধান কর্তন শুরু হবে। বোরো ধানের সর্বোচ্চ ফলন নিশ্চিত করতে এখন থেকে ধান কর্তন পূর্ব সময় পর্যন্ত সকল বোরো জমি নিবিড় পর্যবেক্ষণ ও পরিচর্যার মধ্যে রাখার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাগণ সার্বক্ষণিক কর্মসূলে অবস্থান করে কৃষকগণকে নিম্নবর্ণিত কর্মসূল সার্বক্ষণিক পরামর্শ প্রদান করবেন।

- বর্তমান বোরো ফসলকে ব্লাস্ট আক্রমণ থেকে রক্ষা করতে হবে। ব্লাস্ট পানি, বাতাস ও বীজ বাহিত রোগ। নির্বাচিত ছত্রাকনাশক নির্ধারিত মাত্রায় প্রয়োগ করতে হবে।
- মাজরা পোকা দমনের জন্য শতভাগ জমিতে পার্টি নিশ্চিত করতে হবে এবং নিয়মিত আলোর ফাঁদ ব্যবহার করে মাজরা পোকার মথ মেরে ফেলতে হবে।
- বোরো ধানে বাদামী গাছ ফড়ি এর উপস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণে রাখতে হবে। আক্রমণ দেখা গেলে তাৎক্ষণিক কীটনাশক প্রয়োগ করে পোকা দমন করতে হবে।
- এলাকার যেকোন দূর্ঘাগের বিষয়ে আগাম সতর্কতা স্থানীয় মসজিদের মাইকের মাধ্যমে দ্রুত কৃষকদের অবহিত করতে হবে।
- প্রতিদিনের মাঠ পর্যবেক্ষণের বিষয়ে সকাল ৮.০০টা হতে রাত ১০টা পর্যন্ত পরিচালক, সরেজমিন উইং/ পরিচালক, প্রশাসন ও অর্থ উইং/ মহাপরিচালক এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনে সরাসরি মোবাইলে কথা বলবেন।
- মাঠ পর্যায়ের কোন কর্মকর্তা তার এলাকার বোরো ফসলের নির্বিঘ্ন উৎপাদনে কোন প্রকার কর্মশিল্প প্রদর্শন করলে বা এধরনের কোন গাফিলতি পাওয়া গেলে তাঁর বিরুদ্ধে কঠোরতম প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইহা অতীব জরুরী।


(মোঃ মনজুরুল হাত্তান)
মহাপরিচালক
ফোনঃ ৯১৪০৮৫০

প্রাপক:

১. উপজেলা কৃষি অফিসার,.....(সকল উপজেলা)।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....(সকল জেলা)।
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....অধ্যল.....(সকল অধ্যল)।
৪. পরিচালক,.....উইং (সকল), ডিএই, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।